দৈনিক সংবাদ

60

তারিখ ... 25 MAR 19.. ... পৃষ্ঠা ... 7 ... কলাম ... 2 ...

৮/

# ঢাকা বিশ্ববিদ্যালয় শিগগিরই খোলা সম্ভব

—ভারপ্রাপ্ত উপাচার্য

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক মোহাম্মদ মনিরুজ্জামান মিয়া বলেছেন, খুব শিগগিরই বিশ্ববিদ্যালয় খোলা সম্ভব হবে।

গতকাল শনিবার সন্ধ্যায়

(৭-এর পাতায় দেখুন)

## ঢাকা বিশ্ববিদ্যালয়

(১ম পাতার পর)

একান্ত সাক্ষাৎকারে তিনি এ আশাবাদ ব্যক্ত করেন।

তিনি গতকাল সকালে আনুষ্ঠানিকভাবে দায়িত্ব গ্রহণ করেছেন। দায়িত্ব গ্রহণের পরপরই শিক্ষক, ডাকসু এবং একটি ছাত্র সংগঠনের সঙ্গে পৃথক পৃথক আলোচনা করেছেন।

উপাচার্যের কার্যালয়ে অনুষ্ঠিত সাক্ষাৎকারে তিনি বলেন, আলোচনায় মনে হয়েছে খুব শিগগিরই বিশ্ববিদ্যালয় খোলা সম্ভব। তবে এ ব্যাপারে সকলের সহযোগিতা প্রয়োজন বলে তিনি মনে করেন।

উপাচার্য ডীন প্রভোষ্ট শিক্ষক ডাকসু ও ছাত্র সংগঠন, বিশ্ববিদ্যালয় পরিবেশ পরিষদ রাজনৈতিক নেতৃবৃন্দ, বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেট এবং বিভিন্ন ব্যক্তিও সংস্থার সঙ্গে বিশ্ববিদ্যালয় খোলার ব্যাপারে পর্যায়ক্রমে বৈঠক করবেন। আজ থেকেই বৈঠক শুরু করেছেন।

সন্ত্রাস দমনে কি ধরনের পদক্ষেপের কথা ভাবছেন এ প্রশ্নের জবাবে তিনি বলেন অস্ত্রের সন্ত্রাস দমন করতে হলে সরকারী সাহায্য প্রয়োজন। রাজনৈতিক দল ও ছাত্র সংগঠনগুলোকে এ ব্যাপারে উদ্যোগ নিতে হবে এবং জনমত গড়ে তুলতে হবে।

### উপাচার্যের আবেদন

দায়িত্ব গ্রহণের পর এক বিবৃতিতে ভারপ্রাপ্ত উপাচার্য মোহাম্মদ মনিরুজ্জামান মিয়া, সন্ত্রাসমুক্ত বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় সকল মতপার্থক্য ভুলে ঐকমত্যে পৌছার জন্য ছাত্র, শিক্ষক, সরকার, রাজনৈতিক দল, অভিভাবক ও বুদ্ধিজীবীসহ সকলের প্রতি আহ্বান জানিয়েছেন।

তিনি বলেন, সশস্ত্র সন্ত্রাসে গত ক'বছরে এক ডজন প্রতিশ্রুতিবান তরুণ এখানে প্রাণ হারালেও সন্তানহারা পিতামাতকে আমরা কোন সদুত্তর দিতে পারিনি। বিশ্ববিদ্যালয় / প্রশাসন বিশ্ববিদ্যালয় বন্ধ রেখে এ সমস্যার সমাধান করতে চেয়েছে। কিন্তু সমস্যার সাময়িক সমাধান হলেও এরফলে অন্য নানা সমস্যা সৃষ্টি হয়েছে।

তিনি বলেন সব কিছুর পূর্বশর্ত হচ্ছে বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক কার্যক্রম সচল ও অব্যাহত রাখা। আর এ জন্য সকল সন্ত্রাসের মূলোৎপাটন করতে হবে।